# ঢাবির অধীনে পরীক্ষা না নেওয়াসহ ৯ দফা দাবি ৭ কলেজ শিক্ষার্থীদের

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

অন্তর্বর্তীকালীন প্রশাসকের অধীনে পরীক্ষা নেওয়াসহ ৯ দফা দাবি জানিয়ে স্মারকলিপি দিয়েছেন রাজধানীর সরকারি সাত কলেজের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা।

সোমবার (১১ আগস্ট) দুপুরে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক অধ্যাপক এ কে এম ইলিয়াসের কাছে এ স্মারকলিপি হস্তান্তর করেন তারা।

শিক্ষার্থীদের দাবি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে পরীক্ষা নেওয়া যাবে না। পরীক্ষা অনুষ্ঠিত হতে হবে নিজ নিজ ক্যাম্পাসে এবং তা পরিচালনা করবে অন্তর্বর্তীকালীন প্রশাসন।

পরীক্ষার প্রশ্নপত্র ও খাতা মূল্যায়নের দায়িত্বও নিতে হবে সাত কলেজের শিক্ষককে।

ঢাকা কলেজের শিক্ষার্থী ফাহাদ বলেন, অন্তর্বর্তীকালীন প্রশাসনকে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে। সেখানে একজন পরীক্ষা নিয়ন্ত্রক ও রেজিস্ট্রারের থাকার কথা। কিন্তু নিয়োগ দেওয়া হয়নি।

ইউজিসি লোকবল নিয়োগের জন্য বাজেট দেওয়ার কথাও বলেছে, কিন্তু প্রশাসন ইচ্ছা করেই নিয়োগ দেয়নি।

শিক্ষার্থীদের ৯ দফা দাবি হলো–

১. অন্তর্বর্তীকালীন প্রশাসকের অধীনে পরীক্ষা নিয়ন্ত্রণ।

২. রেজিস্ট্রেশনের সব টাকা ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির তত্ত্বাবধানে জমা।

৩. নিজ নিজ ক্যাম্পাসে পরীক্ষা গ্রহণ।

৪. প্রশ্ন প্রস্তুতি ও খাতা মূল্যায়ন সাত কলেজের শিক্ষক দ্বারা সম্পন্ন।

৫. ৪০ কর্মদিবসের মধ্যে ফল প্রকাশ, নন-প্রমোটেড শিক্ষার্থীদের জন্য সম্পূরক পরীক্ষা ও সিজিপিএ শর্ত বাতিল।

৬. উপাচার্য নিয়োগের সঙ্গে সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন থেকে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের সব তথ্য হস্তান্তর।

৭. দাবিগুলো মেনে নিলেই পরীক্ষায় অংশগ্রহণের সম্মতি।

৮. বিশ্ববিদ্যালয়সংক্রান্ত সব তথ্য ও নির্দেশনা কেবল অফিশিয়াল ওয়েবসাইট ও ফেসবুক পেজে প্রকাশ।

৯. অধ্যাদেশ জারির পর সব শিক্ষার্থীর তথ্য নিজস্ব সার্ভারে স্থানান্তর ও নির্ধারিত ডিজাইনের আইডি কার্ড প্রদান।

অধ্যাপক এ কে এম ইলিয়াস শিক্ষার্থীদের দাবি সম্পর্কে বলেন, ‘আমার কর্তৃপক্ষ ইউজিসি। ইউজিসিকে জানালে সরাসরি সিদ্ধান্ত নেবে। আর ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়মের বাইরে যাবে না।’